



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৭.৫৫.১১১.১৫.১২৯৭(১)

তারিখঃ ২৭-১০-২০১৬

বিষয়ঃ বাংলা ফোন লিমিটেড কর্তৃক অবৈধ এনটিটিএন সেবা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) বিটিআরসি'র বিজ্ঞপ্তি নং- ১৪.৩২.০০০০.০০৭.৫৫.১১১.১৫.১০৮৮, তাং-২২-০৮-২০১৬;

(২) বিটিআরসি'র পত্র নং- ১৪.৩২.০০০০.০০৭.৫৫.১১১.১৫.১০৯১, তাং-২২-০৮-২০১৬।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাফোন লিমিটেড এর অনুকূলে ইস্যুকৃত পারমিট (যার নং- BTRC/LL/ISP-Nationwide(101)Banglaphone/2009-544, তারিখঃ 04-08-2009) এর মেয়াদ গত ২২-০৮-২০১৫ তারিখে উত্তীর্ণ হওয়ায় পরবর্তীতে উক্ত পারমিটের মেয়াদ সরকার কর্তৃক বৃদ্ধি/নবায়ন করা হয়নি। মহামান্য আপীল বিভাগ কমিশন হতে জারীকৃত বিজ্ঞপ্তি [সূত্র নং-(১)] এবং পত্র [সূত্র নং-(২)] এর উপর গত ০৯-১০-২০১৬ তারিখে মহামান্য আপীল বিভাগ নিম্নে বর্ণিত আদেশ প্রদান করেছেন:

“Let the petition be posted for hearing in the list on 31st October, 2016 and stay, as prayed for, is granted till that date.”

কাজেই কমিশন হতে জারীকৃত বিজ্ঞপ্তি [সূত্র নং-(১)] এবং পত্র [সূত্র নং-(২)] এর কার্যকারিতা আইনগতভাবে বহাল রয়েছে।

এমতাবস্থায়, বাংলাফোন লিমিটেডকে যেকোন ট্রান্সমিশন নেটওয়ার্ক সেবা প্রদান সংশ্লিষ্ট কার্যক্রম থেকে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। তাছাড়া, বর্তমানে যে সকল প্রতিষ্ঠান বাংলাফোন লিমিটেড এর অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন সেবা গ্রহণ করছে তাদেরকে উক্ত সেবা গ্রহণ না করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, ন্যাশনওয়াইড টেলিকমিউনিকেশন ট্রান্সমিশন নেটওয়ার্ক (এনটিটিএন) লাইসেন্স ও পারমিট ব্যতিরেকে অপটিক্যাল ফাইবার এর মাধ্যমে এনটিটিএন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বাংলাফোন লিমিটেড এবং উক্ত প্রতিষ্ঠান হতে বর্ণিত অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন সেবা ব্যবহার/গ্রহণকারী প্রতিষ্ঠান/ব্যক্তি'র বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ রাইসুল ইসলাম)

সিনিয়র সহকারী পরিচালক

লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

ফোনঃ ৯৬১১১১১, এক্সটঃ ৫৪৩

ই-মেইলঃ raisul.islam@btrc.gov.bd

১। ব্যবস্থাপনা পরিচালক

বাংলা ফোন লিমিটেড

হাউস নং-০৩, রোড নং- ২৩/এ, গুলশান-১, ঢাকা-১২১২।

২। কমিশন হতে লাইসেন্সপ্রাপ্ত সকল অপারেটর।

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১। মহা-পরিচালক, ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ, বিটিআরসি।

২। অফিস কপি।